# হাজীগঞ্জ পৌরসভা কার্যালয়

হাজীগঞ্জ, চাঁদপুর।

ফ্যাক্স: ০২৩৩৪৪৮৮১৬৩, ফোন: ০২৩৩৪৪৮৮৩৬০, ০২৩৩৪৪৮৮৩৩৭, ০২৩৩৪৪৮৮০৭৩, ০২৩৩৪৪৮৮২৭৪

e-mail: hajigonjpourashava@yahoo.com; web site: www.hajigonjpoura.org


স্মারক নং-হাঃ পৌঃ/প্রশা/সাধা/ইজারা/২০২৫/ ১২১১; তারিখ: ১৭/০২/২০২৫ খ্রি.

## ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২০২৫

## পৌর হাট-বাজার, টার্মিনাল, বালুঘাট, পৌর পুকুর, পাবলিক টয়লেট ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হাট-বাজার ইজারা নীতিমালা (স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০; তারিখ: ২১/০৯/২০১১ এবং সংশোধিত ২০/০২/২০১৮ খ্রি: তারিখের ৪৬.০৪১.০৩০.০১.০০.২০১৮-৯৩ এর নির্দেশনা) অনুযায়ী হাজীগঞ্জ পৌরসভাধীন নিম্নে তফসিলে উল্লেখিত হাট-বাজার, টার্মিনাল, বালুঘাট ও পাবলিক টয়লেট সমূহ আরোপিত শর্তাধীনে ১৪৩২ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র মেয়াদ পর্যন্ত (১ বছরের জন্য) এবং তফসিল (ঙ) পৌর পুকুর ১৪৩২ ও ১৪৩৩ বাংলা সন অর্থ্যাৎ ২ (দুই) বৎসরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে দরপত্র বিক্রয় ও দরপত্র দাখিলের ক্যালেন্ডার অনুসরণ পূর্বক ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়সূচী অনুযায়ী দরপত্র সিডিউল ১। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চাঁদপুর; ২। পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর; ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাজীগঞ্জ; ৪। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ এবং ৫। হাজীগঞ্জ পৌরসভা কার্যালয়, হিসাব রক্ষক এর নিকট হতে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাবে।

ইজারায় অংশ গ্রহণ করতে ইচ্ছুক দরদাতাগণ নির্দিষ্ট স্থানে, সময়ে ও দরপত্রে উল্লেখিত ক্যালেন্ডার ভিত্তিক তারিখে- ১। জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), চাঁদপুর; ২। পুলিশ সুপারের কার্যালয়, চাঁদপুর; ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাজীগঞ্জ; ৪। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ এবং ৫। হাজীগঞ্জ পৌরসভা কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন। ১ম, ২য় এবং ৩য় পর্যায়ে উল্লেখিত তারিখে (একই দিনে) বেলা ২:০০ ঘটিকায় দরপত্র দাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন সময়ে হাজীগঞ্জ পৌরসভা কার্যালয়ের সাধারণ শাখা হতে জানা যাবে। উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিতে প্রকাশিত ৩ ধাপ বা পর্যায়ের ক্ষেত্রে এক পর্যায়ের জন্য ক্রয়কৃত সিডিউল অন্য পর্যায়ে ব্যবহার করা যাবে না।

(ক) তফসিল

| ক্র: নং/ গ্রুপ নং | হাট-বাজার সমূহ | সরকারি মূল্য | দরপত্র মূল্য (অফের যোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বলাখাল বাজার | =২,২৫,৫০০/- | =১,২০০/- | |
| ০২ | হাজীগঞ্জ বাজার ১ম অংশ ঃ স্বর্ণকার পট্টি, তরকারী পট্টি, হলুদ পট্টি, কাপড়িয়া (বণিক) পট্টি, পূর্বে বোয়লজুরী খাল ও সংযোগ গলি সমূহ | =৫০,০০০/- | =৫০০/- | |
| ০৩ | হাজীগঞ্জ বাজার ২য় অংশ ঃ ধান, টুকরি, আমিন রোড, ২নং মসজিদ মার্কেট, কাঠ পট্টি, কামার পট্টি, সাবেক হোটেল পট্টি, ষ্টেশন রোড, পূর্বে বোয়ালজুরী খাল ও সংযোগ গলি সমূহ | =৫০,০০০/- | =৫০০/- | |
| ০৪ | হাজীগঞ্জ বাজার ৩য় অংশ ঃ মাছ বাজার সমূহ (বালুর মাঠ/গাজীর খাদাসহ) | =৯,২০,০০০/- | =২,৬০০/- | |
| ০৫ | হাজীগঞ্জ বাজার ৪র্থ ও ৫ম অংশ ঃ গরু ও ছাগল বাজার | =৯,৫০,০০০/- | =২,৬০০/- | |
| ০৬ | পৌর কসাইখানা | =২,৫০,০০০/- | =১,২০০/- | |

(খ) তফসিল

| ক্র: নং/ গ্রুপ নং | টার্মিনাল সমূহ | সরকারি মূল্য | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | পৌর বাস টার্মিনাল | =৩,৬০,০০০/- | =১,৪০০/- | |
| ০২ | (ক) পৌর সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড;<br>(খ) হাজীগঞ্জ-রঘুনাথপুর সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড;<br>(গ) হাজীগঞ্জ ষ্টেশন রোড সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড;<br>(ঘ) হাজীগঞ্জ-মালিগাঁও সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড;<br>(ঙ) বলাখাল-রামপুর-কাশিমপুর সড়কে সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড। | =১,০০,০৫,০০০/- | =২০,৮০০/- | |
| ০৩ | পৌর ট্রাক পার্কিং স্ট্যান্ড | =২২,৯৮,৫০০/- | =৫,২০০/- | |
| ০৪ | আলীগঞ্জ-হাটিলা সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড। | =১,৮০,০০০/- | =১,০০০/- | |
| ০৫ | হাজীগঞ্জ বাজারস্থ ডিগ্রী কলেজ রোড সংলগ্ন ফল ফলাদির ট্রাক আনলোডিং | =৭০,০০০/- | =৫০০/- | |

(গ) তফসিল

| ক্র: নং/ গ্রুপ নং | বালুঘাট সমূহ | সরকারি মূল্য | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | হাজীগঞ্জ বাজারস্থ কলেজ রোড দক্ষিশ প্রান্তে বালুঘাট, মকিমাবাদ, ধেররা, খাটরা-বিলওয়াই, বলাখাল বকুলতলা এবং শ্রীনারায়নপুর বালুঘাট ও সংযোগ বালুঘাট সমূহ (১,২,৩,৪,৫ ও ৬ নং ওয়ার্ড) | =৩,৭৫,০০০/- | =১,৪০০/- | |
| ০২ | হাজীগঞ্জ বাজারস্থ বড় পুলের পূর্ব প্রান্তে বালুঘাট, আলীগঞ্জ-এনায়েতপুর বালুঘাট ও সংযোগ বালুঘাট সমূহ (৭, ৮ ও ৯ নং ওয়ার্ড) | =৩,২০,০০০/- | =১,৪০০/- | |
| ০৩ | হাজীগঞ্জ-রামগঞ্জ ব্রীজের দক্ষিণ প্রান্তে (ডাকাতিয়া নদীর দক্ষিণ পাড়) বালু ঘাট ও সংযোগ বালু ঘাট সমূহ (১০, ১১ ও ১২ নং ওয়ার্ড) | =৪,৮০,০০০/- | =১,৬০০/- | |

(ঘ) তফসিল

| ক্র: নং/ গ্রুপ নং | পাবলিক টয়লেট সমূহ | সরকারি মূল্য | দরপত্র মূল্য (অফেরৎ যোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | (ক) হাজীগঞ্জ বাজারস্থ কাঠপট্টি পাবলিক টয়লেট<br>(খ) হাজীগঞ্জ বাজারস্থ বালুর মাঠ (প্রকাশ্য গাজীর খাদা) পাবলিক টয়লেট<br>(গ) হাজীগঞ্জ রেল স্টেশন পাবলিক টয়লেট<br>(ঘ) বলাখাল বাজার পাবলিক টয়লেট<br>(ঙ) ধেররা চৌধুরী বাড়ী সংলগ্ন পাবলিক টয়লেট | =৮০,০০০/- | =৫০০/- | |

(ঙ) তফসিল

| ক্র: নং/ গ্রুপ নং | পৌর পুকুর | কাঙ্খিত সরকারি মূল্য | দরপত্র মূল্য (টাকা) | মন্তব্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পৌর গৌরস্থান সংলগ্ন পুকুর ইজারা<br>পুকুরের সাইজ ১.০০০ (এক) একর প্রায় | ৭০,০০০/- | ৫০০/- | ১৪৩২ ও ১৪৩৩ বাংলা সনের জন্য (০২ বছর) | |

চলমান পাতা-২

CamScanner

# হাজীগঞ্জ পৌরসভা কার্যালয়

হাজীগঞ্জ, চাঁদপুর।

ফ্যাক্স: ০২৩৩৪৪৮৮১৬৩, ফোন: ০২৩৩৪৪৮৮৩৬০, ০২৩৩৪৪৮৮৩৩৭, ০২৩৩৪৪৮৮০৭৩, ০২৩৩৪৪৮৮২৭৪

e-mail: hajigonjpourashava@yahoo.com; web site: www.hajigonjpoura.org




-ঃ দরপত্র ফরম বিক্রয় ও গ্রহনের সময়সূচী ঃ-

| পর্যায়/বার সমূহ | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র গ্রহনের শেষ তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম বার | ১০/০৩/২০২৫, বিকাল ৩.০০ টা পর্যন্ত | ১১/০৩/২০২৫ বেলা ১:০০ টা পর্যন্ত | ১১/০৩/২০২৫, বেলা ২:০০ টা |
| | ২৫ ফাল্গুন ১৪৩১ | ২৬ ফাল্গুন ১৪৩১ | ২৬ ফাল্গুন ১৪৩১ |
| ২য় বার | ১৭/০৩/২০২৫, বিকাল ৩.০০ টা পর্যন্ত | ১৮/০৩/২০২৫ বেলা ১:০০ টা পর্যন্ত | ১৮/০৩/২০২৫, বেলা ২:০০ টা |
| | ০৩ চৈত্র ১৪৩১ | ০৪ চৈত্র ১৪৩১ | ০৪ চৈত্র ১৪৩১ |
| ৩য় বার | ২৪/০৩/২০২৫, বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৫/০৩/২০২৫ বেলা ১:০০ টা পর্যন্ত | ২৫/০৩/২০২৫, বেলা ২:০০ টা |
| | ১০ চৈত্র ১৪৩১ | ১১ চৈত্র ১৪৩১ | ১১ চৈত্র ১৪৩১ |

**শর্তাবলী ঃ**

০১। ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২০২৫ এ বর্ণিত তফসিল (ক-ঘ পর্যন্ত) ১৪৩২ বাংলা সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য এবং তফসিল (ঙ) ১৪৩২ ও ১৪৩৩ বাংলা সন অর্থ্যাৎ ২ (দুই) বৎসরের জন্য ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

০২। ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৪-২০২৫ ইজারা বিজ্ঞপ্তি'র তফসিলে উল্লেখিত অংশের মুধ্যে ১ম পর্যায়ে কাঙ্খিত মূল্য পাওয়া না গেলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত ২য়/৩য় পর্যায়ে ইজারার কার্যক্রম গ্রহন করা হবে। এছাড়া যে সকল হাট-বাজার, টার্মিনাল, বালুঘাট, পুকুর, পাবলিক টয়লেট এর জন্য প্রাপ্ত দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হওয়ার পর কৃতকার্য দরদাতাকে জানিয়ে দেয়া হবে বা পৌরসভার নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে। এর জন্য আলাদা বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে না।

০৩। ইজারার নির্দিষ্ট সময়ের জন্য সর্বমোট ইজারার টাকা দাখিলকৃত দরপত্রে কথায় ও অংকে সু-স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি ও লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। দাখিলকৃত দরপত্র সরকারি মূল্য অপেক্ষা কম মূল্যে দাখিল করলে উহা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

০৫। দরপত্র বাক্সে প্রাপ্ত দরপত্র সমূহ যাচাই-বাছাই করে সঠিক সর্বোচ্চ দরদাতার অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে।

০৬। দরপত্রের সাথে দাখিলকৃত মূল্যের ১০০% (শতকরা একশত ভাগ) যে কোন তফসিল ভুক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভার অনুকূলে দাখিল করতে হবে। অন্যথায় দাখিলকৃত দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

০৭। ইজারা গ্রহীতাকে ইজারার উদ্ধৃত টাকার উপর ১০% (শতকরা দশ ভাগ) হারে আয়কর এবং ১৫% (শতকরা পনের ভাগ) হারে ভ্যাট/মুসক টাকা প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভার নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে অবশ্যই দরপত্রের সাথে জমা দিতে হবে।

০৮। ইজারাদারকে ইজারা মূল্যের উপর ৫% (শতকরা পাঁচ ভাগ) হারে অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে প্রশাসক, হাজীগঞ্জ পৌরসভার নামে অবশ্যই দরপত্রের সহিত জমা দিতে হবে। উক্ত অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে এবং মেয়াদ শেষান্তে জামানতের অর্থ ফেরত দেয়া হবে। কিন্তু ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্নতা না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে কর্তন করত: সমন্বয় করা হবে।

০৯। ইজারা গ্রহীতা নিজ খরচে ইজারা দখল বুঝে নেয়ার পূর্বে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পৌর কর্তৃপক্ষের সাথে চুক্তিপত্র সম্পাদন করবেন।

১০। দরপত্রের সাথে দরপত্র ক্রয়ের রশিদ, দরপত্র দাখিল কারীর জাতীয় পরিচয় পত্রের (NID) ফটোকপি দাখিল করতে হবে।

১১। ইজারাদার কর্তৃক হাট-বাজার পরিচ্ছন্ন রাখায় ব্যর্থতা, দৃশ্যমান স্থানে টোল/ফি রেইট টাঙ্গানোতে ব্যর্থতা এবং নির্ধারিত রেইটের চাইতে বেশী টোল/ফি আদায় করা হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ইজারা চুক্তি বাতিল করতে পারবেন।

১২। ইজারাদার কোন ক্রমেই ইজারা প্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট ইজারা বন্দোবস্ত (সাব-লীজ) দিতে পারবেন না। যদি অনুরূপ কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে, তবে তার নামীয় ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় হাট বাজার ইজারা প্রদান করা হবে।

১৩। গরুর বাজার ও ছাগল বাজারের ইজারা গ্রহিতা কর্তৃক কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের মেলা, প্রদর্শনীর আয়োজন করতে পারবে না। যদি এরূপ মেলা, প্রদর্শনীর আয়োজন করা হয় তা'হলে ইজাদারের নামীয় চুক্তিপত্রসহ ইজারা বাতিল করা হবে।

১৪। পৌর কসাইখানা পশু জবাই ফি (ক) গরু প্রতিটি-৭০ (সত্তর) টাকা; (খ) মহিষ প্রতিটি-৭০ (সত্তর) টাকা; (গ) ছাগল/ভেড়া প্রতিটি-১০ (দশ) টাকা হারে পৌর কর্তৃপক্ষের অনুমোদিত রশিদের মাধ্যমে পশু জবাইয়ের ফি আদায় করতে হবে। অতিরিক্ত ফি আদায়ের কোন অভিযোগ পাওয়া গেলে ইজারাদারের নামীয় ইজারা চুক্তি বাতিলসহ ইজারাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৫। প্রতি সপ্তাহে শনিবার ০১ (এক) দিন পশু জবাই বন্ধ থাকবে।

১৬। হাজীগঞ্জ বাজারস্থ ডিগ্রী কলেজ রোড ফল-ফলাদির ট্রাক আনলোডিং টোল আদায়ের বিবরণী ঃ
ফল-ফলাদির ট্রাক আনলোড প্রতিটি =৩০০/-(তিনশত) টাকা। এই হারে টোল আদায় করতে হবে এবং অতিরিক্ত টোল আদায় করা যাবে না। অন্যথায় ইজারাদারের নামীয় ইজারা চুক্তি বাতিল করা হবে।

১৭। বাস (এসি/ননএসি) প্রতি ১০/-(দশ) টাকা হারে এবং সিএনজি, অটোবাইক, মিশুক প্রতি ১০/-(দশ) টাকা হারে (দৈনিক একবার) পৌরসভা কর্তৃক অনুমোদিত রশিদ এর মাধ্যমে ফি আদায় করতে হবে, এর অতিরিক্ত হারে কোনক্রমেই ফি আদায় করা যাবে না। অতিরিক্ত টোল/ফি আদায়ের কোন অভিযোগ পাওয়া গেলে ইজারা বাতিলসহ ইজারাদারের জমাকৃত জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৮। হাজীগঞ্জ পৌর ট্রাক স্ট্যান্ড'র টোল আদায়ের বিবরণী ঃ

| ক্র: নং | যানবাহনের বিবরণ | লোড | আনলোড |
|---|---|---|---|
| (ক) | বড় মালভর্তি ট্রাক | প্রতিটি ৩০/-টাকা | প্রতিটি ৩০/-টাকা |
| (খ) | পণ্যবাহী কভার্ড ভ্যান/মালভর্তি ছোট ট্রাক | প্রতিটি ১৫/-টাকা | প্রতিটি ১৫/-টাকা |
| (গ) | বিভিন্ন কোম্পানীর পণ্যবাহী পিকআপ ভ্যান | প্রতিটি ১৫/-টাকা | প্রতিটি ১৫/-টাকা |
| (ঘ) | পণ্যবাহী ট্রাক্টর (বালু ব্যতিত) | প্রতিটি ১০/-টাকা | প্রতিটি ১০/-টাকা |

১৯। আলীগঞ্জ-হাটিলা সিএনজি, অটোবাইক ও মিশুক স্ট্যান্ড/পার্কিং স্ট্যান্ড হতে যে সকল সিএনজি, অটোবাইক ও মিশুক যাত্রী নিয়ে হাটিলা,লাউকরা, টংগীরপাড় ছেড়ে যাবে এবং ঐসব এলাকা থেকে যাত্রী নিয়ে আলীগঞ্জ স্ট্যান্ডে আসবে। ঐ সকল গাড়ী থেকে শুধুমাত্র টোল/ফি আদায় করা যাবে। এতদ্ব্যতিত সড়ক ও জনপথ, কুমিল্লা-চাঁদপুর হাইওয়ে রোডের যে কোন ধরনের যানবাহন হতে বিরতির সময় এবং যাত্রী উঠা-নামার সময় সিএনজি, অটোবাইক ও মিশুক হতে টোল/ফি আদায় করা যাবে না।

২০। আলীগঞ্জ-হাটিলা স্ট্যান্ডের পিটিআই মোড়ে, উপজেলা পরিষদের অফিস সমূহের সামনে এবং আবাসিক এলাকার প্রবেশ পথে যানজট সৃষ্টি করে কোন ধরনের যানবাহন রাখা যাবে না। এর ব্যত্যয় ঘটিলে ইজারাদারের ইজারা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

চলমান পাতা-৩

CamScanner

# হাজীগঞ্জ পৌরসভা কার্যালয়

হাজীগঞ্জ, চাঁদপুর।

ফ্যাক্স: ০২৩৩৪৪৮৮১৬৩, ফোন: ০২৩৩৪৪৮৮৩৬০, ০২৩৩৪৪৮৮৩৩৭, ০২৩৩৪৪৮৮০৭৩, ০২৩৩৪৪৮৮২৭৪

e-mail: hajigonjpourashava@yahoo.com; web site: www.hajigonjpoura.org




২১। হাজীগঞ্জ পৌর বালু ঘাটের টোল/ফি আদায়ের বিবরণী ঃ

(ক) বালু ভর্তি ট্রাক লোড প্রতিটি =২০/-(বিশ) টাকা; (খ) বালু ভর্তি ট্রাক (ছোট)/পিক-আপ লোড প্রতিটি =১০/- (দশ) টাকা।

(গ) বালু ভর্তি ট্রাক্টর (ট্রলীসহ) লোড প্রতিটি =১০/- (দশ) টাকা; (ঘ) বালু ভর্তি হ্যান্ডট্রলী লোড প্রতিটি =০৫ (পাঁচ) টাকা।

বি: দ্র: ঃ বালু ভর্তি ট্রলার/কার্গো, বলহেড জাহাজ ও সাধারণ জাহাজ হতে টোল/ফি আদায় বন্ধ থাকবে। কোন অবস্থাতেই টোল/ফি আদায় করা যাবে না। এছাড়া পৌর এলাকার মধ্যে ট্রাক, ট্রাক্টর, হ্যান্ডট্রলী দ্বারা বালু আনা/নেয়া বা সরবরাহ করার সময় ত্রিপল দ্বারা ঢেকে সরবরাহ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে ইজারাদারের ইজারা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২২। পাবলিক টয়লেট ব্যবহারের ক্ষেত্রে টোল/ফি আদায়ের বিবরণী ঃ

| ক্রমিক নং | বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১ | গোসল (প্রতিবার) | ১০ (দশ) টাকা |
| ০২ | পায়খানা (প্রতিবার) | ০৫ (পাঁচ) টাকা |
| ০৩ | প্রস্রাব (প্রতিবার) | ০৫ (পাঁচ) টাকা |

২৩। পাবলিক টয়লেটের ইজারা গ্রহিতা প্রতিমাসে বিদ্যুৎ বিল পরিশোধ করে বিদ্যুৎ বিলের ০১ (এক) কপি পৌরসভার বিদ্যুৎ শাখায় জমা প্রদান করতে হবে, এর ব্যত্যয় হলে পৌর কর্তৃপক্ষ তার ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদানের ব্যবস্থা করবে।

২৪। ইজারাদার ইজারা সম্পর্কিত সকল সরকারী নিয়ম কানুন পালন করতে বাধ্য থাকবেন এবং সময় সময় সরকার কর্তৃক জারীকৃত সকল আইন মানিয়া চলতে বাধ্য থাকবেন।

২৫। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

**২৬।প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, খামের উপরে যে অংশ ইজারা নিতে ইচ্ছুক সে অংশের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।**

২৭। গরুর বাজার ও ছাগল বাজারের ইজারাদার কর্তৃক ঈদুল আজহা উপলক্ষে প্রতিদিন কোরবানীর পশু ক্রয় ও বিক্রি করতে পারবেন। নির্ধারিত বাজার ব্যতিত অন্য কোথায়ও ইজারাদার বা অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক কোন ধরনের হাট বাজার বসাতে পারবেন না।

২৮। প্রাকৃতিক দুর্যোগ জনিত কিংবা প্রশাসনিক সিদ্ধান্ত অনুযায়ী আইন-শৃঙ্খলার স্বার্থে বা সরকারি সিদ্ধান্তের আলোকে তফসিলে উল্লেখিত যে কোন অংশের ইজারা বন্ধ/স্থগিত থাকলে সংশ্লিষ্ট ইজারাদার পৌর কর্তৃপক্ষের নিকট হতে কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।

২৯। শর্তাবলীতে উল্লেখ নাই, এ ধরনের সমস্যার সৃষ্টি হলে ইজারা নীতিমালা মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৩০। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

৩১। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

৩২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল বা আংশিক দরপত্র গ্রহন কিংবা বাতিল করার অধিকার পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি:দ্র: হাজীগঞ্জ পৌর এলাকার বাজার সমূহ হতে কোন হাঁস, মোরগ, কবুতর, হালির উপর খাজনা/টোল নেয়া বা আদায় করা যাবে না। অর্থাৎ এগুলোর উপর টোল/খাজনা জনস্বার্থে মওকুফ করা হ'ল।

১৭.০২.২৫

(মো. ইবনে আল জায়েদ হোসেন)
প্রশাসক
হাজীগঞ্জ পৌরসভা
হাজীগঞ্জ, চাঁদপুর।

স্মারক নং-হাঃ পৌঃ/প্রশা/সাধা/ইজারা/২০২৫/ ১২১১;

তারিখ: ১৭/০২/২০২৫ খ্রি.

**অনুলিপি ঃ সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের জন্য তাহার নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলো-**

০১। জেলা প্রশাসক, চাঁদপুর।
০২। পুলিশ সুপার, চাঁদপুর।
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।
০৪। প্রশাসক, উপজেলা পরিষদ, হাজীগঞ্জ, চাঁদপুর।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, হাজীগঞ্জ।
০৬। সহকারী কমিশনার (ভূমি), হাজীগঞ্জ, চাঁদপুর।
০৭। অফিসার ইনচার্জ, হাজীগঞ্জ থানা, হাজীগঞ্জ, চাঁদপুর।
০৮। জনাব........................................................................., প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক সদস্য (সকল), হাজীগঞ্জ পৌরসভা, চাঁদপুর।
০৯। সভাপতি/সম্পাদক, হাজীগঞ্জ বাজার ব্যবসায়ী সমিতি, হাজীগঞ্জ, চাঁদপুর।
১০। পৌর নির্বাহী কর্মকর্তা, হাজীগঞ্জ পৌরসভা, জেলা-চাঁদপুর।
১১। সহকারী প্রকৌশলী (সিভিল)/(পানি ও পয়: নিষ্কাশন), হাজীগঞ্জ পৌরসভা, জেলা-চাঁদপুর।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, হাজীগঞ্জ পৌরসভা, জেলা-চাঁদপুর।
১২। হিসাব রক্ষক, হাজীগঞ্জ পৌরসভা, জেলা-চাঁদপুর।-তাকে নির্ধারিত সময়ে দরপত্র বিক্রি করার জন্য নির্দেশ প্রদান করা হ'ল।
১৩। বাজার পরিদর্শক, হাজীগঞ্জ পৌরসভা, জেলা-চাঁদপুর।
১৪। সম্পাদক, দৈনিক.............................................................পত্রিকা, ঢাকা / দৈনিক ..........................................................................পত্রিকা, চাঁদপুর। আপনার বহুল প্রচারিত পত্রিকায় আগামী /০২/২০২৫ খ্রি: তারিখের মধ্যে ভিতরের পাতায় .......... কলাম ........ ইঞ্চি সাইজের মধ্যে বর্ণিত বিজ্ঞপ্তি খানা ০১ (এক) বার বহুল প্রচারের নিমিত্তে প্রকাশনার জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব ........................................................................., ইজারাদার, হাজীগঞ্জ বাজার।
১৬। অত্রাফিসের নোটিশ বোর্ড।

১৭.০২.২৫

(মো. ইবনে আল জায়েদ হোসেন)
প্রশাসক
হাজীগঞ্জ পৌরসভা
হাজীগঞ্জ, চাঁদপুর।

CamScanner